[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরাণপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে কম্বল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামরুল হাসান হিরো, সহকারী শিক্ষক জাহাঙ্গীর আলী, আয়শা সিদ্দিকা, মাহাফুজা খাতুন, শিল্পী খাতুন। এছাড়া গ্রামের পাপ্পু, রিফাত রহমান, রাতুল ও আকাশ। হাবিবুর রহমান বুলেট বক্তব্য রাখতে গিয়ে বলেন, প্রচন্ড শীতের এ আবহাওয়ার সময় দরিদ্র ও অসহায় মানুষের পাশে আমার মত সমাজের বৃত্তবানদের এগিয়ে আসার জন্য আহবান জানান।

মেহেরপুরে বিএনপির অপর অংশের সমাবেশ

মেহেরপুরে গণতন্ত্র হত্যা দিবস গণতন্ত্রের পুনরুদ্ধারে ১০ দফা দাবি দাবিতে বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেলে জেলা বিএনপির বড়বাজার কার্যালয়ে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল এর সঞ্চালনায় জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন আলমগীর খান ছাতু সহ-সভাপতি জেলা বিএনপি। এছাড়াও বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জিয়া মঞ্চের সিনিয়র যুগ্ন আহবায়ক মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি।

এছাড়া উপস্থিত ছিলেন জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, জেলা ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, জিয়া মঞ্চের যুগ্ন আহবায়ক হাসানুজ্জামান বিপলু, যুবনেতা ইসমাইলসহ নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিএনপির সমাবেশ

মেহেরপুরে ২৫শে জানুয়ারী ১৯৭৫ এর গণতন্ত্র হত্যা দিবস স্মরণে ও গণতন্ত্র পুনরুদ্ধারে ১০ দফা দাবী আদায়ের লক্ষ্যে জেলা বিএনপি’র সমাবেশ।

বুধবার বিকালে মেহেরপুর কাথুলী বাসস্ট্যাণ্ডে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় বক্তব্য দেন অতিথি ছিলেন জেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, সহ-সভাপতি আব্দুর রহমান, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, মেহেরপুর সদর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মোঃ সাইফুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ন-সম্পাদক আরজুল্লা মাস্টার বাবলু।
সমাবেশে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।

কোটচাঁদপুর বিএনপির ১০ নেতা- কর্মী জামিনে মুক্তি

পেট্রোল বোমা ও ককটেল উদ্ধার মামলায় আদালত থেকে জামিনে মুক্তি পেলেন কোটচাঁদপুর পৌর কাউন্সিলর,ইউপি সদস্যসহ বিএনপির ১০ নেতা- কর্মী। বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ৭ ডিসেম্বর রাতে কোটচাঁদপুর পৌর বিএনপির অফিসের পিছন থেকে ৫ টি ককটেল ও ৩ টি পেট্রোল বোমা উদ্ধার করেন স্থানীয় থানা পুলিশ।

ওই ঘটনায় কোটচাঁদপুর থানায় মামলা হয় । যার নাম্বার- ৩,তারিখ- ৭-১২-২২। এরপর থেকে স্থানীয় থানা পুলিশের হাতে গ্রেফতার হন ১২ জন নেতা-কর্মী।

ওই মামলায় মঙ্গলবার আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা-

কর্মী। যার মধ্যে রয়েছেন,কোটচাঁদপুর পৌরসভার কাউন্সিলর আবু হানিফ,ভবানিপুরের সাফদার হোসেনের ছেলে হাবিবুর রহমান,গুড়পাড়া গ্রামের মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেল মনিরুজ্জামান,বহিরগাছি গ্রামের মৃত মুনসুর মন্ডলের ছেলে তোয়াছ উদ্দিন,বলাবড়িয়া গ্রামের মৃত আতর আলীর ছেলে ইদ্রিস আলী খান,গোবিন্দপুর গ্রামের মৃত চাঁদ আলীর ছেলে মোয়াজ্জেম হোসেন (৫৫), পৌর এলাকার ভবানিপুর গ্রামের আবুল কাশেমের ছেলে অসিম হোসেন (৪০),উপজেলার বলাবাড়িয়া গ্রামের শাহাদাৎ কাজীর ছেলে হাদিউজ্জামান (৪০),গুড়পাড়ার রেজাউল হকের ছেলে রিপন উদ্দিন(৩৪),শিশির কুন্ডু গ্রামের মৃত নুরুল আমীন মুন্সির ছেলে গোলাম মোস্তফা ফারুক (৪২), হরিণদীয়া গ্রামের আব্দুল ফরিদ হোসেনের ছেলে ইউপি সদস্য আবুল হোসেন (৪০)।

এদিকে নেতা-কর্মীদের জামিনের খবরে জেল গেটে জড়ো হন কোটচাঁদপুর বিএনপির নেতা-কর্মীরা। এরপর জেল থেকে বের হওয়ার পর তাদেরকে ফুলের মালা দিয়ে বরণ করেন তারা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল বলেন, বোমা ও ককটেল উদ্ধার মামলায় মঙ্গলবার ঝিনাইদহ জেলা দায়রা জজ কোটচাঁদপুর আদালত থেকে জামিনে মুক্তি পান ১০ জন নেতা-কর্মী। তবে কাগজ পত্রের কারনে বুধবার সকালে জেল থেকে বাড়ি ফিরেছেন তারা।

চুয়াডাঙ্গায় জিয়াউর রহমানের জন্মবার্ষিকীর আলোচনা সভা ও শীতবস্ত্র বিতরন

বাংলারদেশ জাতীয়তাবাদি কৃষক দল চুয়াডাঙ্গায় জেলা শাখার আয়োজনে জিয়াউর রহমানের ৮৭ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

সোমবার (২৩ জানুয়ারি) বেলা সাড়ে ৩ টার দিকে রজব আলী সুপার মার্কেটে চুয়াডাঙ্গা জেলা বিএনপির কার্যালয়ে জেলা কৃষক দলের

আহ্বায়ক মোকাররম হোসেনের সভাপতিত্বে অনুাষ্ঠিত আলোচনা সভা ও শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির অন্যতম সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনা।

জেলা কৃষকদলের সদস্য সচিব ও ইউপি চেয়ারম্যান তবারক হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভা ও কম্বল বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষকদলের যুগ্ন আহ্বায়ক আরিফ হোসেন জোয়ার্দ্দার সোনা, তরিকুল আলম জোয়ার্দ্দার বিলু, জেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক শফিকুল হেলার পিটু, বিএনপি নেতা সাবেক ইউপি চেয়ারম্যান ইদ্রিস আলী।

জিয়াউর রহমানের জন্ম বার্ষিকীর আলোচনা অনুষ্ঠান শেষে শীতার্থ দুস্থ মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

বামন্দীতে শহিদ জিয়ার ৮৭ তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা

শহিদ জিয়া রাষ্ট্রপ্রতি জিয়াউর রহমানের ৮৭ তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা ও দোয়া মাহফিল করেছে জেলা কৃষক দল।

আজ সোমবার বিকেলে গাংনী উপজেলার বামন্দী বাজারস্থ শাওনের অফিসে এ আয়োজন করা হয়। জিয়াউর রহমানের জীবনী সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে দোয়া করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, জেলা কৃষকদলের সভাপতি মাহবুবুর রহমান, গাংনী উপজেলা কৃষকদলের আহবায়ক আমিনুল বারি মোতালেব, যুগ্ন আহবায়ক আব্দুল্লাহ আল হাসান শাওন, যুগ্ন আহবায়ক আঃ মজিদ, যুগ্ন আহবায়ক আব্দুল গাফ্ফার, সাবেক গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভপাতি শহিদুল ইসলাম সহ কৃষকদলের নেতাকর্মীরা।

ঝিনাইদহে জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন পালিত

ঝিনাইদহে জেলা বিএনপির উদ্যোগে জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন পালিত হয়েছে।

বৃহস্পতিবার (১৯জানুয়ারি) সকালে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৭তম জন্মদিন উপলক্ষে জেলা বিএনপি আয়োজনে সকালে শীত বস্ত্র বিতরণ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এছাড়া শহরের একটি বেসরকারী ক্লিনিকে ১০ জন অসুস্থ রোগীকে রক্তদান, ওয়াজির আলী হাইস্কুল মাঠে ৫’শ শীর্তাতদের মাঝে কম্বল বিতরন ও জেলা বিএনপি’র কার্যালয়ে আলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এমএ মজিদ, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল মজিদ, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পুসহ জেলা ও উপজেলা পর্যায়ের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এ্যাড. এমএ মজিদ বলেন, এ দেশের স্বাধীনতার ঘোষক একমাত্র জিয়াউর রহমান। অথচ আজ এই ভোট বিহীন সরকার জিয়াউর রহমানকে নিয়ে প্রকৃত ইতিহাস বিকৃত করছে। আগামীতে আন্দোলন সংগ্রামের মাধ্যমে ক্ষমতায় এলে এর সঠিক জবাব দেওয়া হবে।

আলমডাঙ্গায় বিএনপির বিক্ষোভ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

উদ্দিন, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি শাহ আলম, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেবুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন বিএনপির সভাপতি বকুল, কালিদাসপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক লালন, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলি, খাসকররা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক রাজাবুল, ডাউকি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুস সালাম, পৌর বিএনপির সহ-সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মিলন, সাংগঠনিক সম্পাদক রাশেদুল ইসলাম, পৌর ১ নম্বর ওয়ার্ড সভাপতি রহিদুল ইসলাম, ২ নম্বর ওয়ার্ড সভাপতি হাফিজুর রহমান চমক, ৩ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল জব্বার, ৪ নম্বর ওয়ার্ড সভাপতি মাসুদ সালেহ লিপু, ৫ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুর রশীদ, ৬ নম্বর ওয়ার্ড সভাপতি আব্দুল রাজ্জাক, ২ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল হক মিন্টু, ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আলতাফ হোসেন,উপজেলা যুবদলের যুগ্নআহবায়ক জাহাঙ্গীর হোসেন চৌধুরি,পৌর যুবদলের যুগ্নআহবায়ক হাফিজুর রহমান, পৌর সেচ্ছাসেবক দলের আহবায়ক কামরুজ্জামান হিমেল, উপজেলা ছাত্র দলের আহবায়ক জাহিদ হাসান শুভ, সদস্য সচিব আল ইমরান রাসেল, পৌর ছাত্রদলের আহবায়ক আতিক হাসান রিঙ্কু, যুগ্নআহবায়ক রাজু আহমেদ। আরো উপস্থিত ছিলেন উপজেলা, পৌর ও ইউনিয়ন বিএনপির সকল নেতৃবৃন্দ।

দামুড়হুদায় বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় বিএনপির বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকাল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ে ঘরোয়াভাবে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির আয়োজনে সমাবেশে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির। প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা কৃষক দলের আহ্বায়ক ও জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য মোকাররম হোসেন, বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আঃওয়াহেদ, উপজেলা

বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

দামুড়হুদা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া, দামুড়হুদা ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ঈদ্রীস আলী, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী।

সমাবেশের শুরুতে পবিত্র কোরআন তেলোয়াত করেন নতিপোতা ইউনিয়ন বিএনপির সহসভাপতি আঃরাজ্জাক।

স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা যুবদলের অন্যতম নেতা জহিরুল ইসলাম রিপন। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা যুবদল নেতা শামসুজ্জোহা পলাশ, তোতাম আলী, ইকরামুল হোসেন, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, যুবদল নেতা মাহফুজুর রহমান জনি, সহ অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।